

# বিজ্ঞান দরবার

উদ্দেশ্য : সর্বস্তরে বিজ্ঞান চেতনার প্রচার ও প্রসার

ESTD: 1980, REGD. NO.S/39444

৫৮৫, অজয় ব্যানার্জী রোড ( বিনোদ নগর পো.), পো. কাঁচরাপাড়া ,পিন--৭৪৩১৪৫, উত্তর ২৪ প:

E.mail : bijnandarbar1980@gmail.com Mob: 9474330092 / 9874778216 / 9231545191

## সেমিনার রিপোর্ট : বজ্রপাতে মৃত্যু - বাঁচবো কিভাবে


১৪ জুলাই ' বজ্রপাতে মৃত্যু - বাঁচবো কিভাবে ' শীর্ষক এক আলোকচিত্রসহ আলোচনা সভার আয়োজন করল কাঁচরাপাড়া বিজ্ঞান দরবার। ১৬নং টেলর রোডের কার্যালয়ে এই আলোচনাসভায় আলোকচিত্রসহ বক্তব্য রাখেন আবহাওয়া বিজ্ঞানী অজয় নাথ । বক্তা শ্রীনাথ জানান যে মেঘের মধ্যে জমতে থাকা বিপুল পরিমাণের তড়িৎশক্তি মেঘের মধ্যে থেকে বের হয়ে আসাই হল বজ্রপাত (Lightning)। সেই সঙ্গে আমরা আলোর ঝলক ও প্রচন্ড জোরে শব্দ শুনতে পাই। বিপুল পরিমাণ তড়িৎশক্তি ৮ কিলোমিটার পর্যন্ত ছুটে আসতে পারে । বাতাসের তাপমাত্রা ২৭৭০০ ডিগ্রি সেসিয়াস ও জমে থাকা বিদ্যুতের পরিমাণ ১০০ মিলিয়ন ভোল্ট পর্যন্ত হতে পারে ।

শ্রীনাথ এক প্রশ্নের উত্তরে জানান ভারতে বছরে গড়ে ১৭৭৫ জন মারা যায় । আর এক প্রশ্নের উত্তরে বক্তা বলেন আফ্রিকার কঙ্গো, কিফুকো, ফ্লোরিডা এবং সিঙ্গাপুর এ বেশি বাজ পড়ে মানুষ মারা যায় । বজ্রপাত শুরু হলে খোলা জায়গা ছেড়ে পাকা বাড়ির ভেতরে আশ্রয় নিতে হবে । মোবাইল চার্জ দেওয়া বন্ধ রাখতে হবে । ঘরে বিদ্যুতের সব কিছুর প্লাগ খুলে রাখতে হবে । বড়গাছ, বড়বাড়ি ও জলাভূমি থেকে দূরে থাকতে হবে। অনেক মানুষ একসাথে থাকলে নিজেদের মধ্যে দূরত্ব বজায় রাখতে হবে । বাড়িতে সোলার প্ল্যান্ট যদি থাকে , সেক্ষেত্রে আলাদা করে বাজ আটক (অ্যারেস্টার ) করার জন্য ব্যবস্থা নিতে হবে ।


আলোচনা সভায় বিজ্ঞান দরবারের সহসভাপতি তাপস মজুমদার জানান বাজ নিয়ে সচেতনতা প্রসার ও বাজ থেকে কিভাবে বাঁচবেন এনিয়ে একটি বিশেষ লেখা বিজ্ঞান অন্তর্ভুক্ত পত্রিকা জুলাই - আগস্ট সংখ্যায় প্রকাশ করা হয়েছে । আগামী কয়েক মাস ধরে বাজ নিয়ে বিজ্ঞান দরবার সাধারণ মানুষের মধ্যে প্রচার কর্মসূচি চালিয়ে যাবে । বিভিন্ন প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনাসভাটি বেশ প্রাণবন্ত হয়ে ওঠে ।

প্রতিবেদক : জয়দেব দে ,বিজ্ঞান দরবার

# WHAT TO DO DURING A THUDERSORM



1. Go indoors or find safe, enclosed shelters.



2. Crouch down in a ball-like position.




3. Do not lie down.



4. If in a group, stay separate from each other.



5. Get away from open areas.



6. Avoid being at high elevations such as mountain tops.




7. Avoid standing under large trees or tall objects.

8. Never use plugged-in telephones during a thunderstorm.







Average strikes per square kilometre per year

0.1 0.2 0.5 1 2 5 10 20 50 100 200

